

পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ এর মাধ্যমিক পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান



২৮ জানুয়ারি, ২০১৯-সোমবার সকাল ১১ ঘটিকায় পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, আই.ই.আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর মাধ্যমিক পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান-২০১৯ পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ, আই.ই.আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর প্রধান শিক্ষক মোঃ মনির হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কুল সুপারভিশন কমিটির সদস্য ও একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সহযোগী অধ্যাপক কাজী মোঃ নাসির উদ্দীন এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান। এসময় বাংলাদেশ ছাত্রলীগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোঃ তরিকুল ইসলাম, প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা, বিদায়ী পরীক্ষার্থী ও স্কুল কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।